## Students swear at science museum

## Staff Correspondent

MOHAMMAD Munir Chowdhury, director general of the National Museum of Science and Technology, put emphasis on the importance of practice of ethics side by side with the study of science, technology and other knowledge.

He made this call to the students of Milestone School and College who came to the science museum and took part in a science lecture and quiz competition organised under the title 'Healthcare in Corona'.

After the competitions, the students present at the programme swore that they would never lie, would live an honest and pure life, respect their parents, obey the teachers, would not cause pollution or get addicted to mobile, go to bed early, would not eat fast food or junk food and eat food made at home.

## অনলাইন ভার্সন



## বিজ্ঞান জাদুঘরে শিক্ষার্থীদের সৎ জীবনের শপথ

নিজম্ব প্রতিবেদক 🕨

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী শিক্ষার্থীদের জ্ঞান-বিজ্ঞান চর্চার সমান্তরালে নৈতিকতা অর্জনের উপর গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, 'নৈতিক শুদ্ধতা ও সততা না থাকলে জ্ঞান এর্জন কেবল অর্থ উপার্জনের উৎস হয়ে দাঁড়াবে এবং দেশের উন্নয়নে বিজ্ঞান ও প্রযুক্তির সুফল বৃথা হয়ে যাবে'। 'করোনায় স্বাস্থ্য সতর্কতা' শীর্ষক আয়োজিত এক বিজ্ঞান বক্তৃতা ও কুইজ প্রতিযোগিতায় বিজ্ঞান জাদুঘরে আগত মাইলস্টোন স্কুল আন্ত কলেজের শিক্ষার্থীদের প্রতি তিনি এ আহ্বান জানান।

এ বিজ্ঞান বক্তৃতা ও কুইজ প্রতিযোগিতার পর এক শুদ্ধাচার শপথ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরীর সঙ্গে উপস্থিত শিক্ষার্থীরা এ মর্মে শপথ উচ্চারণ করে যে, 'তারা কখনো মিথ্যা বলবে না, সং ও শুদ্ধ জীবন-যাপন করবে, পিতা-মাতাকে শ্রদ্ধা করবে, শিক্ষকদের মান্য করবে, নিয়মিত পড়াশোনা করবে, পরিবেশ দৃষণ ঘটাবে না, মোবাইলে আসক্ত হবে না, অনেক রাত করে ঘুমাবে না, ফার্স্থ ফুড, জাংক ফুড বর্জন করবে এবং ঘরের তৈরি খাবার খাবে'।